মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৫/০১/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৩/১২/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ সম্পন্ন করে ১ম কিস্তির বিল/ভাউচার ইতি মধ্যে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। ২য় পর্যায়ের কাজও ইতি মধ্যে শুরু হয়েছে। সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে কাজের সর্বশেষ অবস্থা সভায় উপস্থাপন করা জন্য অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ২য় পর্যায়ের কাজের মধ্যে ৬টি বস্তিতে ১৪ টি ষ্টিট লাইট ইতি মধ্যে স্থাপন করা হয়েছে। পশু হাট পাড়ায় অসমাপ্ত রাস্তার কাজ শেষ হয়েছে। এছাড়া ভৈরব পাড়া, হটাৎ পাড়া ও দিঘীর পাড়া বস্তিতে ফুট পাথের কাজ চলমান আছে।	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	এর মধ্যে ভৈরব পাড়া ও দিঘীর পাড়া বস্তির ফুটপাথের কাজ কয়েকদিনের মধ্যেই শেষ হবে। হালদার পাড়া ও আখড়া পাড়ায় ইতিপূর্বে রাস্তা ও ড্রেনের কাজ শেষ হয়েছে। এখানে পায়খানার কাজ শুরু হয়েছে। বস্তি উন্নয়ন কর্মকর্তা এই কাজ গুলি সুষ্ঠভাবে সম্পন্ন করতে সকরের সহযোহিতা কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, পিডি মহোদয় ইতি মধ্যে আমাকে জানিয়েছেন, বস্তি উন্নয়নের কাজে কোন ভাবেই সময়ক্ষেপন করা যাবে না। যত দ্রুত সম্ভব এই কাজ শেষ করতে হবে। তাই তিনি আজকের সভায় সংশ্লিষ্ঠ সকলকে দ্রুত এই কাজ বাস্তবায়নের জন্য নির্দেশনা দেন। তিনি আরোও বলেন, শুধু কাজ করলেই হবে না সেই সাথে যাবতীয় কাগজপত্রও রেডি রাখতে হবে।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট জানতে চান, PRAP বাস্তবায়নে দারিদ্র এলাকায় আর কোন কার্যক্রম বাস্তবায়ন হবে কিনা? মেয়র মহোদয় সভায় জানান, PRAP বাস্তবায়নে মেহেরপুর পৌরসভা বরাবর কাজ করে আসছে। বিভিন্ন ওয়ার্ডের যে সমস্ত এলাকা দারিদ্র পিড়িত সে সমস্ত এলাকায় রাস্তা সংস্কার সহ দারিদ্র মানুষের অর্থিক সহযোগিতা অব্যহত আছে। এছাড়া দারিদ্র মানুষের কর্মক্ষম করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৫/০১/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯			
১০			